



নারায়ণগঞ্জে জয়ী দিপু ভুঁইয়াকে ফুলেল শুভেচ্ছা জানানেন জামায়াত প্রার্থী



সংগৃহীত ছবি

নারায়ণগঞ্জ-১ (রূপগঞ্জ) আসনে বিএনপি মনোনীত নবনির্বাচিত সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান দিপু ভুঁইয়াকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানিয়েছেন তাঁর প্রতিদ্বন্দ্বী প্রার্থী আনোয়ার হোসেন মোল্লা। নির্বাচনে পরাজিত হলেও সৌজন্য সাক্ষাতের মাধ্যমে তিনি বিজয়ী প্রার্থীকে অভিনন্দন জানান।

রূপগঞ্জ উপজেলা বাংলাদেশ জামায়াতে ইসলামীর সভাপতি এবং দাঁড়িপাল্লা প্রতীকের প্রার্থী আনোয়ার হোসেন মোল্লা ফুলেল শুভেচ্ছা জানিয়ে দিপু ভুঁইয়ার সাফল্য কামনা করেন। এ সময় উভয় নেতার মধ্যে সংক্ষিপ্ত আলাপও হয়।

স্থানীয় রাজনৈতিক অঙ্গনে এই সৌজন্য বিনিময়কে ইতিবাচক দৃষ্টান্ত হিসেবে দেখা হচ্ছে। নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা শেষে এমন পারস্পরিক শুভেচ্ছা গণতান্ত্রিক চর্চাকে আরও শক্তিশালী করবে বলে মনে করছেন